# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
## সাভার ঢাকা

পত্র সংখ্যা ঃ রেজি/প্রশাসন-২/৭৫৮১(২) তারিখ ঃ ২২-০৫-২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | আই টি কর্মকর্তা<br>ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ২২,০০০-৫৩,০৬০/-<br>পদসংখ্যা: ১টি | ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ সহ কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/পরিসংখ্যান/গণিত/ভূগোল ও পরিবেশ/নগর ও অঞ্চল পরিকল্পনা/ভূতাত্ত্বিক বিজ্ঞান/নৃবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ২। | পেশ ইমাম গ্রেড-১<br>কেন্দ্রীয় জামে মসজিদ<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ২২,০০০-৫৩,০৬০/-<br>পদসংখ্যা: ১টি | ক) বাংলাদেশ অথবা বিদেশের যে কোনো মাদ্রাসা শিক্ষাবোর্ড/যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে কামিল ডিগ্রি অথবা কওমী মাদ্রাসা হতে কমপক্ষে দাওরায়ে হাদিস/সমমানের ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। কোরআনে হাফিজ/ক্বারিয়ানা পাশ থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কোনো মসজিদে ইমাম হিসেবে অথবা ফাজিল বা আলিম বা সমমানের মাদ্রাসার শিক্ষকতায় ন্যূনতম ৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) কামিল/সমমানের পরীক্ষায় ১ম শ্রেণিপ্রাপ্ত এবং কোরআনে হাফিজ/ক্বারিয়ানা পাশ হলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩। | ল্যাবরেটরী সহকারী<br>প্রাণিবিদ্যা বিভাগ<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,৩০০-২৭,৩০০/-<br>পদসংখ্যা: ১টি | ক) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর পাশ এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৩(তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পাশ এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৪(চার) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৪। | স্টোরকীপার<br>পদার্থবিজ্ঞান বিভাগ<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,০০০-২৬,৫৯০/-<br>পদসংখ্যা: ১টি<br>(পুনঃবিজ্ঞপ্তি)<br>( এই পদের জন্য পূর্বে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই ) | ক) স্নাতকোত্তর পাশ এবং সহকারী স্টোরকীপার/সমমান পদে কমপক্ষে ২(দুই) বছরের কাজের অভিজ্ঞতাসহ অবশ্যই কম্পিউটার ব্যবহারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) স্নাতক পাশ এবং সহকারী স্টোরকীপার/সমমান পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতাসহ অবশ্যই কম্পিউটার ব্যবহারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট<br>ইংরেজি বিভাগ<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>পদসংখ্যা: ১টি | ক) স্নাতক পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার সন্তোষজনক অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৬। | সেমিনার গ্রন্থাগার সহকারী<br>মোট পদসংখ্যা: ২টি<br>(১) ভূগোল ও পরিবেশ বিভাগ-১টি<br>(২) চারুকলা বিভাগ-১টি<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>(আবেদনকারীদের অফিস অনুযায়ী পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে) | ক) স্নাতক পাশ ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশ ও গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |

৭। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।

৮। উপরোক্ত ১-২ নং ক্রমিকের পদের জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৬০০/-(ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৬০০/-(ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ১০ (দশ) কপি দরখাস্ত আগামী ১৩-০৬-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে। রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০"X৪" সাইজের খাম পাঠিয়ে আবেদন ফরম (অফিস বন্ধের দিন ব্যতীত অন্যান্য দিন অফিস চলাকালীন সময় সকাল ৮:৩০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকেও সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.juniv.edu থেকেও ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।

৯। উপরোক্ত ৩-৬ নং ক্রমিকের পদসমূহের জন্য প্রার্থীর সাদা কাগজে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র নাম্বার, মোবাইল নাম্বার, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদির বিবরণ এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৩০০/-(তিনশত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ ও ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ৭ (সাত) কপি দরখাস্ত আগামী ১৩-০৬-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে।

১০। চাকরিরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর/- রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

22.5.2022

রহিমা কানিজ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।